

মীর জহুরুল ইসলাম  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক, ব্যাঙ্গডক

মীর জহুরুল ইসলাম (অতিরিক্ত সচিব) বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাঙ্গডক) এর মহাপরিচালক হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে ১৪ ফেব্রুয়ারি ২০২১ যোগদান করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের পরিচালক (বাণিজ্যিক) ও পরিচালক (অর্থ) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১০ম ব্যাচের একজন কর্মকর্তা। তার নিজ জেলা-জামালপুর। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে অনার্স ও মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

মাঠ পর্যায়ে তিনি বরগুনা জেলার জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেন। অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে কুড়িগ্রাম ও যশোর জেলায় এবং উপজেলা নির্বাহী অফিসার হিসেবে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ ও বরিশাল জেলার উজিরপুর উপজেলায় দায়িত্ব পালন করেন। এর আগে তিনি সহকারী কমিশনার (ভূমি) পদে গাইবান্ধা জেলার পলাশবাড়ি ও সুন্দরগঞ্জ উপজেলায় কাজ করেন। সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার হিসেবে ব্রাহ্মণবাড়িয়া, মৌলভীবাজার, নওগাঁ, নীলফামারী কালেক্টরেটে কাজ করেন। এ ছাড়া তিনি শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কার্যক্রমে ট্রাঞ্জিট ক্যাম্প-নয়াপাড়া, টেকনাফে দায়িত্ব পালন করেন। শিক্ষা মন্ত্রণালয়ে সহকারী সচিব ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে সংস্কৃতি উপদেষ্টা (উপসচিব) হিসেবে দায়িত্ব পালন করেন।

মীর জহুরুল ইসলাম দেশে ও বিদেশে স্বল্প ও দীর্ঘমেয়াদি বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ, সেমিনার, এক্সপোজিউর ভিজিট উপলক্ষে ভারত, ভূটান, ইরান, ইতালি, জেনেভা (সুইজারল্যান্ড), থাইল্যান্ড, মায়ানমার, ফিলিপাইন, জাপান, মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ভ্রমণ করেন।

তিনি মহাপরিচালক, ব্যাঙ্গডক পদে দায়িত্ব পালনকালে সকলের সহযোগিতা কামনা করেন।